

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৮৩১.২০.০০৩.২০.৮৬

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭  
২১ সেপ্টেম্বর ২০২০।

বিষয়: মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেটে বরাদ্দকৃত সিলিং (ব্যয়সীমা)-এর মধ্যে প্রকল্প গ্রহণ।

মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেটে সংশ্লিষ্ট অর্থ-বছরে প্রকল্প গ্রহণের জন্য ‘অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত-সাধারণ থোক বরাদ্দ’ থাতে এবং প্রক্ষেপণের অর্থ-বছরসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ তাদের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় সংশ্লিষ্ট অর্থ-বছরসমূহে সিলিং বহির্ভূতভাবে প্রকল্প গ্রহণ করছে। ফলে সরকারের রাজস্ব আয়ের সঙ্গে চলমান প্রকল্পের বরাদ্দে সামঞ্জস্যতা থাকছে না। এছাড়া, সিলিং বহির্ভূত প্রকল্প গ্রহণ করায় সকল প্রকল্পে প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদান করাও সম্ভব হচ্ছে না। উল্লেখ্য যে প্রাক্কলন ও প্রক্ষেপণের বাইরে প্রকল্প গ্রহণ সরকারের সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

০২। বর্ণিতবস্থায়, মন্ত্রণালয়/ বিভাগসমূহকে নিম্নোক্তিত বিষয়সমূহে সজাগ থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) মন্ত্রণালয়/ বিভাগসমূহকে তাদের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় প্রাক্কলন ও প্রক্ষেপণের অর্থ-বছরে বরাদ্দকৃত সিলিং-এর মধ্যে থেকে প্রকল্প গ্রহণ করা;
- (খ) বিনয়োগ প্রকল্পের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বের প্রকল্পে আবশ্যিকভাবে বাস্তবায়নের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) করা;
- (গ) প্রকল্প যাচাই-বাচাইয়ের ক্ষেত্রে অধিকতর সচেতনতা অবলম্বন করা যাতে কোন পণ্য/ দ্রব্যের অস্বাভাবিক বাজার মূল্য প্রদর্শিত না হয়;
- (ঘ) জি-টু-জি (G-To-G) ভিত্তিতে গৃহীত প্রকল্পে GoB অর্থে পরামর্শক (Consultant) নিয়োগের ব্যবস্থা রাখা;
- (ঙ) প্রকল্প বাচাই/ অনুমোদনের সময় বিষয়গুলোতে অধিকতর সচেতনতা অবলম্বন করা;
- (চ) রাষ্ট্রীয় ও জনগনুরুত্পূর্ণ বিশেষ প্রকল্পের ক্ষেত্রে অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে পূর্বেই অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা।

স্বাক্ষর  
২০২০/১২০২১  
মোঃ সাজেদুল ইসলাম  
যুগ্মসচিব  
ফোন: ৯৫১৪৬৫৯

সিনিয়র সচিব/ সচিব (সকল)

মন্ত্রণালয়/ বিভাগ।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৮৩১.২০.০০৩.২০.৮৬/১(২)

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭  
২১ সেপ্টেম্বর ২০২০।

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

স্বাক্ষর  
২০২০/১২০২১  
মোঃ সাজেদুল ইসলাম  
যুগ্মসচিব